# ইতালিতে অভিনেত্রী বাঁধনের ওপর আওয়ামী লীগের হামলার অভিযোগ



ছবি: সংগৃহীত

ইতালিতে বাংলাদেশের অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলার অভিযোগ উঠেছে। বাঁধনের অভিযোগ, নিষিদ্ধ আওয়ামী লীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা তাকে শারীরিকভাবে লাঞ্ছিত ও মানসিকভাবে হেনস্তা করেছেন। বাংলাদেশ সময়

সোমবার (৭ সেপ্টেম্বর) দিবাগত রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে লাইভে এসে তিনি ঘটনার বিস্তারিত জানান।

ইতালির একটি স্থানীয় পার্কে ভাইয়ের পরিবারের সঙ্গে ঘুরতে গিয়েছিলেন বাঁধন। সেখানে একদল ব্যক্তি তাকে ঘিরে ধরে হামলা চালায়। তাকে লক্ষ্য করে কোক ও ডিম ছোড়া হয়। হামলাকারীরা তার গায়ে হাত তোলে এবং একপর্যায়ে হাত থেকে মোবাইল ফোন কেড়ে নিয়ে ছুড়ে ফেলে দেয়।

হামলার সময় তাকে 'জুলাইযোদ্ধা' বলে আক্রমণ করা হয়। জোর করে 'জয় বাংলা, জয় বঙ্গবন্ধু' স্লোগান দেওয়ানোর চেষ্টা করা হয় বলেও তিনি জানান। এ সময় গালিগালাজের পাশাপাশি পুরো ঘটনার ভিডিও ধারণ করা হয়।

বাঁধন বলেন, হামলার সময় তার ভাইয়ের স্ত্রীকেও ধাক্কা দেওয়া হয়েছে। এ ধরনের সহিংস আচরণের সমালোচনা করে তিনি বলেন, অন্যের ওপর হামলা চালিয়ে কিংবা ভয় দেখিয়ে কোনো উদ্দেশ্য সফল করা সম্ভব নয়।

ভিডিওবার্তায় তিনি সজীব ওয়াজেদ জয়ের দৃষ্টি আকর্ষণের অনুরোধও জানান। বাঁধন বলেন, জয় বর্তমানে ভেনিসে অবস্থান করছেন বলে তিনি জানতে পেরেছেন এবং ঘটনাটি তার কাছে পৌঁছে দেওয়ার আহ্বান জানান।

এদিকে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া কয়েকটি ভিডিওতে একদল ব্যক্তিকে বাঁধনকে 'জুলাই জঙ্গি' বলে গালিগালাজ করতে এবং তার দিকে তেড়ে যেতে দেখা যায়। বাঁধনের দেওয়া তথ্য অনুযায়ী, হামলায় অংশ নেওয়া ব্যক্তিরা নিষিদ্ধ আওয়ামী লীগ ও ছাত্রলীগের নেতাকর্মী।

উল্লেখ্য, 'রেহানা মরিয়ম নূর' চলচ্চিত্রে অভিনয়ের মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে পরিচিতি পাওয়া আজমেরী হক বাঁধন বর্তমানে ইতালির ঐতিহ্যবাহী ভেনিস চলচ্চিত্র উৎসবে বাংলাদেশের প্রতিনিধিত্ব করছেন।